দৈনিক ইত্তেফাক

তারিখ ··· DEC. 1 1 1999
পৃষ্ঠা: ৯ কলাম 2

# ২২শে ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ সমাবর্তনের ব্যস্ততার পাশাপাশি শিক্ষক রাজনীতির মাঠ আবারও জমজমাট হইয়া উঠিতেছে। আগামী ২২ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির ১৫ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটির নির্বাচনকে কেন্দ্র করিয়া শিক্ষক রাজনীতিতে সক্রিয় শিক্ষকদের ব্যস্ততা বহুলাংশে বাড়িয়া গিয়াছে। গ্রুপিং লবিং, দর কষাকষি, গোপন প্রচারণা ইতিমধ্যেই শুরু হইয়া গিয়াছে জোরেসোরে। গত বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র জমাদানের শেষ দিন।

এই নির্বাচনে সরকার সমর্থক শিক্ষক গোষ্ঠির লাল দল এবং সরকার বিরোধী বি এন পি-জামায়াত সমর্থক সাদা দল পূর্ণ প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করিতেছে। সরকার সমর্থক লাল দলের সভাপতি প্রার্থী হইতেছেন, অধ্যাপক আর আই আমিনুর রশীদ, সাধারণ সম্পাদক প্রার্থী অধ্যাপক আনোয়ার হোসেন, সহ-সভাপতি প্রার্থী, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, যুগ্ম সম্পাদক অধ্যাপক হাসিবুর রশীদ এবং ট্রেজারার পদে প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন অধ্যাপক আশরাফ উদ্দিন চৌধুরী।

বিএনপি-জামায়াত মনোনীত সাদা দলের মনোনীত সভাপতি প্রার্থী হইতেছেন, অধ্যাপক এস এম এ ফায়েজ, সাধারণ সম্পাদক গত দুই বারের বিজয়ী মোঃ ফেরদৌস হোসেন, সহ-সভাপতি ডঃ আনোয়ার হোসেন, যুগ্ম সম্পাদক ডঃ মাহমুদ ওসমান ইমাম, এবং কোষাধ্যক্ষ পদে আবু আহমেদ প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন।